

Direct cargo ferry service between India and Maldives starts today (Another milestone in the comprehensive bilateral relations between India and Maldives: Shri Mandaviya)

September 21, 2020

ভারত এবং মালদ্বীপের মধ্যে সরাসরি পণ্য পরিবাহী জাহাজ চলাচল আজ থেকে চালু হল (ভারত এবং মালদ্বীপের মধ্যে ব্যাপক দ্বিপাক্ষিক সম্পর্কে আরেকটি মাইল ফলকঃশ্রী মান্দব্য)

সেপ্টেম্বর: 21,2020

জাহাজ মন্ত্রকের প্রতিমন্ত্রী(পূর্ণ দায়িত্ব প্রাপ্ত), শ্রী মনসুখ মান্দব্য এবং মালদ্বীপের অসামরিক বিমান ও সড়ক পরিবহন মন্ত্রী, কুমারী আইশাখ নাহলা, আজ একযোগে ভারত এবং মালদ্বীপের মধ্যে সরাসরি পণ্য পরিবাহী জাহাজ চলাচল পরিষেবার ই-লঞ্চ করেন।

প্রথম সমুদ্রযাত্রায়, একটি 200 টিইইউ এবং 3000 এমটি ক্ষমতা সম্পন্ন বিশাল ভেসেল তার খন্ডিত যাত্রা পথে আজ টুটিকোরিন থেকে কোচিতে যাবে। সেখান থেকে সে উত্তর মালদ্বীপের কুলহুফুশি বন্দর অভিমুখে যাত্রা শুরু করবে, তারপরে মালে বন্দরে গিয়ে পৌঁছবে। নির্ধারিত সময় অনুযায়ী এই জাহাজটির সেপ্টেম্বর 26,2020 তারিখে কুলহুফুশি বন্দরে এবং সেপ্টেম্বর 29, 2020 তারিখে মালে বন্দরে পৌঁছবার কথা। ভারতের জাহাজ পরিবহন নিগম দ্বারা নিয়ন্ত্রিত এই ফেরি পরিষেবাটি মাসে দুবার যাতায়াত করবে এবং ভারত এবং মালদ্বীপের মধ্যে পণ্য পরিবহনের সরাসরি এবং বিকল্প ব্যয় সংকোচ পরিবহন প্রদান করবে।

এই সম্পর্কে বলতে গিয়ে জাহাজ মন্ত্রকের প্রতিমন্ত্রী(পূর্ণ দায়িত্ব প্রাপ্ত), শ্রী মান্দব্য উল্লেখ করেছেন যে,ভারত এবং মালদ্বীপের মধ্যে ব্যাপক দ্বিপাক্ষিক সম্পর্কে আরেকটি মাইল ফলক রচিত হল।তিনি উল্লেখ করেছেন যে, এই সরাসরি পরিষেবার মাধ্যমে ভারত এবং মালদ্বীপের মধ্যে জনগণের সাথে জনগণের সংযোগ বৃদ্ধি এবং দ্বিপাক্ষিক বাণিজ্য বৃদ্ধির মাধ্যমে দুই দেশের মধ্যে ঘনিষ্ঠতাকে আরও দৃঢ় করবে।

মালদ্বীপের অসামরিক বিমান ও পরিবহন মন্ত্রী, কুমারী আইশাখ নাহলা, ভারত এবং মালদ্বীপের মধ্যে নিবিড় মৈত্রীবন্ধনকে প্রতিফলিত করা এই পরিষেবা চালু হবার জন্য তার গভীর সন্তোষ প্রকাশ করেছেন।

গত বছর প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর মালদ্বীপ সফরকালে দেয় অঙ্গীকার এবং অগস্ট 13,2020 তারিখে মালদ্বীপের বিদেশমন্ত্রীর সাথে ভারতের বিদেশ মন্ত্রী ড.জয়শংকরের মধ্যে ভারুয়াল বৈঠকে চলাকালীন ঘোষণার সাথে সঠিক সায়ুজ্য রেখে এই পরিষেবা চালু হল।

জাহাজ মন্ত্রকের বরিষ্ঠ আধিকারিকগণ, ভারতের ও মালদ্বীপের বিদেশ মন্ত্রকের আধিকারিকরাও উপস্থিত ছিলেন।

নিউ দিল্লি

সেপ্টেম্বর 21, 2020

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.